



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029


স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ২৭৫

তারিখঃ ৩১/১০/১৮খ্রিঃ

বিষয়ঃ তদারকি জোরদারকরণসহ অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ ও আল্লাসাৎ/হস্তমজুদের বিষয়ে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি বর্তমানে বিআরডিবি'র ব্যবস্থাপনায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। আপনার উপজেলায় প্রকল্পের কার্যক্রম পর্যালোচনান্তে দেখা যায় যে, বিগত ফেব্রুয়ারী/২০১৮খ্রিঃ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপির পরিমাণ ছিলো ১৯.৪১ লক্ষ টাকা বর্তমানে যা বৃদ্ধি পেয়ে ২০.২১ লক্ষ টাকায় পরিনত হয়েছে। ইতোপূর্বে মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ হ্রাসকল্পে ক্রাশ প্রোগ্রাম পরিচালনাসহ সমিতি পরিদর্শন/ তদারকি জোরদারকরণের নির্দেশনা দেয়া সত্ত্বেও খেলাপি ঋণের পরিমাণ না কমে উপরোক্ত আশংকাজনক হারে বৃদ্ধি পাচ্ছে। তাই অত্র উপজেলায় ঋণ বিতরণে অনিয়মসহ প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে ঋণের অর্থ আল্লাসাৎ/হস্তমজুদের সমুহ সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, যে সকল সমিতিতে খেলাপি ঋণ রয়েছে তা যাচাই করে হস্তমজুদ/আল্লাসাৎ আছে কিনা তা উৎঘাটনের জন্য যথাযথ তদারকি/ খেলাপি সমিতিসমুহ নিবিড় পরিদর্শন করা প্রয়োজন এবং কোন হস্তমজুদ/ আল্লাসাতের ঘটনা থাকলে তা তাৎক্ষণিকভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে হবে। অন্যথায় আল্লাসাৎ/হস্তমজুদের ঘটনা ভবিষ্যতে উৎঘাটিত হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে আপনার দায় এড়ানোর সুযোগ নেই। তাই এ বিষয়ে আপনাকে আরও সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো।

০২। এছাড়া যে সকল সদস্যের গৃহীত ঋণ দীর্ঘদিন যাবৎ মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় রয়েছে তাদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহন করে সদর কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, মনপুরা, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, ভোলা। (তদারকি জোরদারকরণের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, মনপুরা, ভোলা।
৬. অফিস নথি/ গার্ড ফাইল।